সন্ন্যাসী যে জাগিল ওই, জাগিল ওই, জাগিল !
হাস্য-ভরা দখিন-বায়ে   অঙ্গ হতে দিল উড়ায়ে
শ্মশানচিতাভস্মরাশি— ভাগিল কোথা ভাগিল ।
মানসলোকে শুভ্র আলো   চূর্ণ হয়ে রঙ জাগালো,
মদির রাগ লাগিল তারে— হৃদয়ে তার লাগিল ॥
আয় রে তোরা, আয় রে তোরা, আয় রে—
রঙের ধারা ওই-যে বহে যায় রে ॥
রঙের ঝড় উচ্ছ্বসিল গগনে,
রঙের ঢেউ রসের স্রোতে মাতিয়া ওঠে সঘনে—
ডাকিল বান আজি সে কোন্ কোটালে ।
নাকাড়া বাজে কানাড়া বাজে বাঁশিতে—
কান্নাধারা মিলিয়া গেছে হাসিতে—
প্রাণের মাঝে ফোয়ারা তার ছোটালে ।
এসেছে হাওয়া বাণীতে দোল-দোলানো,   এসেছে পথ-ভোলানো—
এসেছে ডাক ঘরের দ্বার-খোলানো ॥
আয় রে তোরা, আয় রে তোরা, আয় রে—
রঙের ধারা ওই-যে বহে যায় রে ॥
উদয়রবি যে রাঙা রঙ রাঙায়ে   পূর্বাচলের দিয়েছে ঘুম ভাঙায়ে
অস্তরবি সে রাঙা রসে রসিল—
চিরপ্রাণের বিজয়বাণী ঘোষিল ।
অরুণবীণা যে সুর দিল রণিয়া   সন্ধ্যাকাশে সে সুর উঠে ঘনিয়া
নীরব নিশীথিনীর বুকে নিখিল ধ্বনি ধ্বনিয়া ।
আয় রে তোরা, আয় রে তোরা, আয় রে—
বাঁধন-হারা রঙের ধারা ওই-যে বহে যায় রে ॥

---

Parjaay: Bichitro, Taal: Teyora, Raag: Iman-Paraj

Visit www.geetabitan.com for notation and other detail